বেতার জগৎ

১৬—৩০ নভেম্বর, ১৯৮১

পত্রিকাটি ধুলো খেলায় প্রকাশের জন্য

হার্ড কপি ও স্ক্যান : দেবব্রত জানা

এডিট করেছেন : সুজিত কুন্ডু

একটি আবেদন

আপনাদের কাছে যদি এরকমই কোনো পুরোনো আকর্ষণীয় পত্রিকা থাকে এবং আপনিও যদি আমাদের মতো এই মহান অভিযানের শরীক হতে চান, অনুগ্রহ করে নিচে দেওয়া ই-মেইল মারফত যোগাযোগ করুন।

e-mail : dhulokhela@gmail.com



সম্প্রতি ভারতের উত্তর-পূর্বাঞ্চল সফরকালে কেন্দ্রীয় তথ্য ও বেতার মন্ত্রী বসন্ত সাঠে; মন্ত্রক-সচিব এস. বি. লাল; এবং আকাশবাণীর ডাইরেক্টর-জেনারেল কিষেণচাঁদ শর্মা, গৌহাটী ও কলকাতায় মন্ত্রকের স্থানীয় মাধ্যম-মুখ্যদের সঙ্গে আলোচনায় মিলিত হন। (উপরে) গৌহাটীর আলোচনায় (বামদিক থেকে) শ্রীজে. ডি. বাভেজা (আকাশবাণীর উত্তর-পূর্বাঞ্চলের ডেপুটি ডাইরেক্টর-জেনারেল), শ্রীশর্মা, শ্রীলাল ও শ্রীসাঠে। নীচের ছবিতে, কলকাতার আলোচনায় (ডানদিক থেকে) শ্রীসাঠে, শ্রীলাল ও শ্রীশর্মা। (মাঝে) আসন্ন ফিল্মোৎসব সম্পর্কে কলকাতার গ্রেট ইষ্টার্ন হোটেলে আয়োজিত এক আলোচনা সভায় শ্রীসাঠে ও শ্রীলালের সঙ্গে ন্যাশনাল ফিল্ম ডেভেলপমেন্ট কর্পোরেশনের চেয়ারম্যান ডি. ভি. এস. রাজু (সর্বদক্ষিণে)



বে তা র জ গ ৎ

52 Year, Vol. 22 : ৫২ বর্ষ, ২২ সংখ্যা

৭ নভেম্বর, ১৯৮১ : ১৬ কার্ত্তিক, ১৯০৩ শকাব্দ

7 November, 1981 : 16 Kartika, 1903 Saka

পাতাল রেল প্রকল্পের কাজ চলছে

বিনয়কুমার বসু

এই তো সেদিন, মাস দেড়েক হবে, রাজ্যে রাজ্যে উৎসাহ ও উদ্দীপনার ঢেউ তুলে পাতাল রেলের চারটি বগি মাদ্রাজের পেরাম্বুর ইন্টিগ্র্যাল কোচ্ ফ্যাক্টরী থেকে কলকাতায় এল। যান্ত্রিক সরঞ্জাম আলাদা বলে বগিগুলিকে একটি স্পেশাল ট্রেনের সঙ্গে জুড়ে ট্রেনের গতি নিয়ন্ত্রিত করে অত্যন্ত সাবধানতার সঙ্গে আনা হল। পথে পড়ল তামিলনাড়ু, অন্ধ্রপ্রদেশ, উড়িষ্যা। আশ্চর্যের কথা, এই সব জায়গাতেও দেখা গেল, সাধারণ মানুষ কলকাতার পাতাল রেল সম্বন্ধে যথেষ্ট ওয়াকিবহাল এবং এই প্রকল্পটির সম্বন্ধে তাদের কৌতূহলও বেশ। বাস্তবিকই শুধু কলকাতার বা পশ্চিমবঙ্গের মানুষই নয়, সারা দেশের জনসাধারণও এই ঐতিহাসিক কর্মযজ্ঞটিকে একটু অন্য দৃষ্টিতে দেখেন। হিজলী কলেজের ছাত্রদের হোস্টেল থেকে হাত নেড়ে নেড়ে অভিনন্দন, টিকিয়াপাড়ায় জন সমাবেশ, দমদমে স্বতঃস্ফূর্ত অভ্যর্থনা—সবই চিত্তস্পর্শী। আর প্রথম যেদিন গাড়ীটি দমদম থেকে বেলগাছিয়ার দত্তবাগান পর্যন্ত চালিয়ে দেখা হল, সেদিন আশেপাশের বাসিন্দাদের চোখমুখ যেভাবে উদ্ভাসিত হয়ে উঠেছিল সে কি ভুলবার। ভাবখানা—গাড়ী তাহলে চলল, তায় পাতালের গাড়ী, মোটেই কম কথা নয়। এখন শুধু অপেক্ষা, কবে দমদম—টালিগঞ্জ পাতালের এই রুটটিও শহরের পরিবহন ব্যবস্থায় হাত মেলায়।

কিন্তু মনে রাখতে হবে, কলকাতার মত জনবহুল ও অত্যন্ত ব্যস্ত শহরের মাঝখান দিয়ে সাড়ে ষোল কিলোমিটার পাতাল পথ তৈরী করা সহজ ব্যাপার নয়। আরও মনে রাখতে হবে এই ধরনের কাজ ভারতে এই প্রথম। বিশেষ করে, কলকাতার মত নরম মাটিতে পাতালপথ নির্মাণ প্রচেষ্টা বোধ হয় পৃথিবীর ইতিহাসেও সর্বপ্রথম। একে তো রাস্তাঘাট অপ্রতুল। জনতার তার বইতে শহর প্রায় অক্ষম। ঘন ঘন জন সমাবেশ লেগেই আছে. তার উপর নানা পরিকল্পনার কাজ চলায় পরিবহন সমস্যা স্বভাবতঃই ভয়াবহ হয়ে উঠেছে। অথচ এই অবস্থার মধ্য দিয়েই দমদম থেকে টালিগঞ্জ বেশ কয়েকটি ব্যস্ততম রাস্তার বেশ খানিকটা অংশ জুড়ে পাতাল রেলের কাজ চালাতে হচ্ছে। কাজ চালিয়ে যেতে হচ্ছে খুবই সীমাবদ্ধ জায়গার মধ্যে। জিনিষপত্র, যন্ত্রপাতি মালমশলা নাড়াচাড়া করতে হচ্ছে ঐ সীমিত জায়গার মধ্যেই। আবার একটু খোঁড়াখুড়ি করতে গিয়েই মাটির নীচের ইলেকট্রিক লাইন, জলের পাইপ, টেলিফোনের তার, পয়ঃপ্রণালী ইত্যাদির গোলকধাঁধার সামাল দিতে হচ্ছে।

কাজটি শেষ করতে কী পরিমাণ মালের প্রয়োজন হচ্ছে সে কথাটাও একবার ভাবা দরকার। মূলতঃ, কংক্রীটের কাজ। তাই পাথরকুচি, বালি, সিমেন্ট, লোহা ইত্যাদি পাকুড়, শেওড়াফুলি, দুর্গাপুর, ভিলাই প্রভৃতি উৎপাদন কেন্দ্র থেকে নিয়ে আসতে হচ্ছে। প্রতিদিন পুরো একটি মালগাড়ী-ভর্তি মালপত্র এলেও কম পক্ষে ৭/৮ বছরের কমে এই কাজের পুরো মালমশলা এনে ফেলা সম্ভব নয়। আর এই সব মাল ডিপোতে ডিপোতে হিসাবমত তুলে আবার তাদের ট্রাফিকজটের মাঝখান দিয়ে প্রতিটি কাজের ইউনিটে প্রয়োজনমত

সরবরাহ করা কি ঝামেলার কাজ সে সহজেই অনুমান করা যায়। অতএব কাজ সহজে শেষ হবার নয়। সময় লাগবে। আরও কয়েক বছর ধৈর্য ধরে থাকতেই হবে।

ইতিমধ্যে কাজ অবশ্য এগিয়েছে অনেকখানি। প্রথমে, দমদম স্টেশনের কথাই ধরা যাক এটি একটি টার্মিনাল বা প্রান্ত স্টেশন পূর্ব রেলওয়ে ও পাতাল রেলের যুগ্ম স্টেশনরূপে তৈরী হচ্ছে। শহরতলীর গাড়ীগুলির প্লাটফর্ম যেমন আছে তেমনটি থাকবে। যাত্রীরা এই সব প্লাটফর্মে নেমে সাবওয়ে দিয়ে যুগ্ম স্টেশনটিতে যাবেন ও দোতলায় উঠে পাতাল রেলের গাড়ীতে চড়বেন। স্টেশনের দোতালা দিয়ে গাড়ী যাচ্ছে ভাবতেই অবাক লাগে। এই স্টেশনের অনেকখানি কাজই হয়ে গিয়েছে, এমনকি একদিকের সাবওয়ে পর্যন্ত। রেল লাইনের তলা দিয়ে বিরাটকায় কংক্রীটের বাক্স সেঁধিয়ে সাবওয়ে তৈরী হয়ে গেল অথচ কোন লাইন বন্ধ রাখতে হলনা, এক মিনিটের জন্যও কোন গাড়ীকে থমকে দাঁড়াতে হল না, ট্রেনের যাত্রীরাও জানতে পারলেন না কী একটা শক্ত কাজ লোকচক্ষুর অগোচরে সম্পন্ন হয়ে গেল। কারিগরী বিদ্যার এক নতুন দিক উন্মোচন হল বলা যায়।

প্রসঙ্গতঃ বলি, এই স্টেশনের কিছু অংশের কাজ কয়েকটি ষ্টল বা দোকান স্থানান্তকরণের জন্য বন্ধ ছিল। পাতাল রেল এ'দের জন্যে দমদম রোডের অপর পার্শ্বে অনেকখানি জমি লীজ দেওয়ায় সে বাধা অপসারিত হয়েছে।

দমদম থেকে দত্তবাগান ট্রায়াল রাণ বা পরীক্ষামূলকভাবে গাড়ি চালাবার কথা বলতে গেলে বলতে হয় যে পূর্ব প্রতিশ্রুতি মত অক্টোবর মাস থেকেই এটা সুরু হয়ে গিয়েছে। প্রতিদিন আপাততঃ তিন চার বার করে গাড়ি চালিয়ে বগিগুলি ও পাথরকুচিবিহীন রেললাইনের বিভিন্ন অংশগুলি বিশেষভাবে পরীক্ষানিরীক্ষা করে দেখা হচ্ছে। মনে রাখতে হবে সুড়ঙ্গপথ অপরিসর। গাড়ীও চলবে ঘন ঘন। মেরামতির কোন সময়ই পাওয়া যাবে না। এমন ধরনের রেললাইন এখানে তৈরী করা প্রয়োজন যাতে মেরামতির দরকার হয় না এবং যার ফলে দুর্ঘটনার সম্ভাবনা প্রায় থাকেই না। সেই রকমই রেলওয়ে ট্র্যাক তৈরী করা হয়েছে—কংক্রীটের চাদরের সঙ্গে রেল লাইনকে রবার প্যাড ও ক্লিপের সাহায্যে এ'টে দিয়ে। পাতাল রেলের গাড়ী বিদ্যুৎ সংগ্রহ করবে এই রেল লাইনের পাশে 'তৃতীয় রেল' বা 'একটি বিদ্যুতবাহী লাইন' থেকে। এই 'তৃতীয় রেল' সম্পর্কে সাবধান। এতে রয়েছে ৭৫০ ভোল্ট ডি সি বিদ্যুত। এর স্পর্শ মানে মৃত্যু। তাই এর ব্যাপারে যথেষ্ট সাবধানতা নেওয়া হয়েছে। নানান জায়গায় বিজ্ঞাপন দেওয়া হয়েছে। তৃতীয় রেলটিকে যথাসম্ভব কাঠের পাটাতন দিয়ে ঢেকে রাখা হয়েছে এবং বিপদজ্ঞাপক বোর্ড লাগিয়ে দেওয়া হয়েছে।

পাতাল রেল গাড়ীর প্রতি কামরায় ৬০ জন যাত্রী বসতে পারবেন, দাঁড়াতে পারবেন প্রায় ২৪০ জন। আট বগির একটি ট্রেনে প্রায় ২৫০০ জন যেতে পারবেন—মানে ভীড়ের সময় ২৫টি একতলা বাসের যাত্রী নিয়ে পাতাল যান চলবে, লিফট যেমনভাবে বন্ধ হয় তেমনিভাবে কামরার দরজাগুলি বন্ধ হলে তবেই এই গাড়িগুলি চলে। বাইরের কোন সিগ্‌ন্যাল দেখে ড্রাইবার গাড়ী চালাবেন না; চালাবেন তাঁর কামরাতেই লাগানো সংকেতবোর্ড দেখে। পাতাল রেলপথে দুর্ঘটনা ঘটতেই দেওয়া যায় না, তাই কোথাও কিছু গোলযোগ হলে ড্রাইভার ছাড়াই স্বয়ংক্রিয় যন্ত্রের সাহায্যে গাড়ী আপনাআপনি নিরাপদ দূরত্বে থেমে যাবে। প্রায় দু'বছর ধরে এই ট্রায়াল রাণের অর্থই হল এইসব যন্ত্রপাতি খুঁটিয়ে দেখে ত্রুটিগুলি শুধরে নেওয়া। এই পরীক্ষার ভিত্তিতেই পাতাল রেলের জন্য ঢালাও বগি নির্মাণ শুরু হবে যাতে ১৯৮৫ সালে বগিগুলি পাওয়া যায় ও টালিগঞ্জ—এসপ্ল্যানেড পাতালপথে নিয়মিত গাড়ী চালানো সম্ভব হয়।

(শেষাংশ ৭০৪ পৃষ্ঠায়)

॥ অন্যান্য পৃষ্ঠায় ॥

গ্রামীণ সংস্কৃতির সেকাল ও একাল ৭০২
—বরুণকুমার চক্রবর্তী
গান্ধীকথা ৭০৩
—শ্রীপ্রফুল্লকুমার সেন
বাংলা মঞ্চে গালিলেও ৭০৪
—গৌতম ঘোষদস্তিদার
শিশুদের আচরণ সমস্যা ৭০৫
—প্রাণশঙ্কর সাহা

প্রচ্ছদ : পরীক্ষামূলকভাবে কলকাতায় পাতাল রেল চালানোর একটি দৃশ্য। ভূগর্ভস্থ সুড়ঙ্গ থেকে রেলগাড়ী বেরিয়ে আসছে। (এম.টি.পি-র সৌজন্যে)

গ্রামীণ সংস্কৃতির

সেকাল ও একাল

বরুণকুমার চক্রবর্তী

খুব বেশিদিনের কথা নয়—মাত্র বছর খানেক আগের কথা। মুর্শিদাবাদ জেলার কুমীরদহ গ্রামে যাচ্ছিলাম। যান বলতে গরুর গাড়ী। পথ অনেকটা। তাই কুমীরদহে পেঁছি-বার অনেক আগেই সন্ধ্যার অন্ধকার ঘনিয়ে এলো। ক্রমেই সে অন্ধকার ঘনীভূত হতে থাকল। মেঠোপথ ধরে গরুর গাড়ী কিন্তু সমানেই চলতে লাগল। হঠাৎ অন্ধকার বিদীর্ণ করে আলোর লেলিহান শিখা চোখে পড়ল। একটু ভয় পেলাম। এই অন্ধকারে মশাল জেলে সামনে কে বা কারা অপেক্ষারত? কি তাদের উদ্দেশ্য? কিন্তু না, একটু পরেই সমস্ত সংশয়ের অবসান করে দিল গাড়ীর চালক। বললে আমরা গ্রামের সীমানার মধ্যে পেঁছে গেছি। তাই গ্রামবাসীরা আমাদের অভ্যর্থনা জানাচ্ছে—মশাল নয়, মশালের মত করে পাকানো খড়ের আঁটি কিংবা গাছের শুকনো পাতা আগুনে জেলে। কিছুদূর অন্তর অন্তরই এই একই দৃশ্যের অবতারণা ঘটেছিল। বাংলার গ্রামকে নতুন করে আবিষ্কার করলাম, আবিষ্কার করলাম গ্রামীণ সংস্কৃতির মূল সত্তাটিকে যা নাকি নানা প্রতিকূলতা এবং পরি-বর্তনের মধ্যে আজও হারিয়ে যায়নি। আতিথেয়তা, মানুষের প্রতি নিঃস্বার্থ ভালবাসা আর আন্তরিকতা।

যুগের পরিবর্তনের সঙ্গে সঙ্গে যুগোচিত পরিবর্তন ঘটবেই। একে কে প্রতিহত করবে? যান্ত্রিক সভ্যতাও এগিয়ে চলেছে। একদিকে যেমন শহরের বিস্তার ঘটছে, তেমনি গ্রামীণ সংস্কৃতিও প্রভাবিত হচ্ছে নানা ভাবে। আজ বিংশ শতাব্দীর আটের দশকে বসে আমরা যদি প্রাচীন গ্রামীণ সংস্কৃতির অবিকৃত রূপটি আশা করি, তাহলে নিরাশ হতে হবে। তবু একবার সমীক্ষা করে দেখা যেতে পারে গ্রামীণ সংস্কৃতির সেকাল এবং একালটিকে।

সাধারণভাবে সংস্কৃতি একটি জাতির সামগ্রিক পরিচয়ই বহন করে। তাই সংস্কৃতির অন্তর্ভুক্ত হ'ল আচার-ব্যবহার, রীতি-নীতি, উৎসব-অনুষ্ঠান, ধর্মকর্ম, প্রাত্যহিক ক্রিয়াকলাপ, শিক্ষা-দীক্ষা, খেলাধুলো, আমোদ-প্রমোদ ইত্যাদি। এছাড়া জীবন যাপনের যাবতীয় বস্তু ও উপকরণ এমন কি সাহিত্য, সঙ্গীত, চিত্রকলা, ভাস্কর্য, দর্শন, মূর্তি, স্থাপত্য সংস্কৃতির ক্ষেত্রে এসবও অপরিহার্য।

আপাতভাবে মনে হতে পারে যে নগর-সংস্কৃতির সঙ্গে গ্রামীণ সংস্কৃতির পার্থক্য অনেক। কিন্তু উপাদান প্রকরণের পরিপ্রেক্ষিতে উভয়ের মধ্যে কোন পার্থক্যই নেই। পার্থক্য যেটুকু আছে, তা হ'ল মনের ক্ষেত্রে। নগর-সংস্কৃতি যেখানে সূক্ষ্ম, জটিল, মার্জিত, বিচিত্র এবং মননা-শ্রিত সেক্ষেত্রে গ্রামীণ সংস্কৃতি সরল, স্বতঃস্ফূর্ত ও গতানুগতিক। যোগা-যোগ, সংমিশ্রণ কিংবা সাঙ্গীকরণের জন্য নগর সংস্কৃতি যেখানে নিতাই পরিবর্তনশীল, সেখানে গ্রামীণ সংস্কৃতি প্রধানতঃ ঐতিহ্যনির্ভর হওয়ায় প্রকৃতিতে তা অকৃত্রিম হলেও নগর-সংস্কৃতির মত মননশীল নয়।

আমাদের গ্রামীণ সংস্কৃতির এক উল্লেখযোগ্য বৈশিষ্ট্য হল দৈব এবং সংস্কারের প্রতি ঐকান্তিক নির্ভরতা। গ্রামীণ অর্থনীতি মূলতঃ কৃষি নির্ভর। তাই অনাবৃষ্টি, অতিবৃষ্টি, বন্যা, শস্যধ্বংসকারী কীটের উপদ্রব ইত্যাদি থেকে রক্ষা পেতে গ্রামের মানুষ নানাবিধ সংস্কারের কাছে আত্মসমর্পণ করেছে। গ্রামীণ মানুষ বিশ্বাস করে এসেছে—অমাবস্যায় হল-কর্ষণ নিষিদ্ধ। এই বিশ্বাস থেকেই উদ্ভূত হয়েছে—'কুঁড়ে কৃষাণ অমাবস্যা খোঁজে' প্রবাদটা। জ্যৈষ্ঠমাসে বৃক্ষ-রোপণ নিষিদ্ধ করা হয়েছে, অম্বু-বাচীর সময় বীজবপন এবং ভূমিকর্ষণের ব্যাপারেও নিষেধাজ্ঞা জারি করা হয়েছে। কৃষক নিজের জমিতে বীজ ফেলার আগে অন্য কাউকে বীজ দেয় না, কারণ তাহলে তার নিজের জমির চাষ ভাল হবে না এই আশঙ্কায়। বিশ্বাস করা হয়ে এসেছে সরষে বোনার আগে জলে হাত লাগাতে নেই, সোমবার ধান লাগালে ধানের ফলন বাড়ে, কিংবা মেঝের ওপর ধান রাখলে সেই ধানের আর চারা হয় না।

বৃষ্টি সংক্রান্ত সংস্কারের সংখ্যাও নেহাৎ কম নয়। দু'একটির মাত্র উল্লেখ করা গেল—ব্যাঙ ঘন ঘন ডাকলে বৃষ্টি নামে, সদাচারী ব্যক্তিকে রোদে কষ্ট দিলে বৃষ্টি নামে, স্বেচ্ছায় আছাড় খেলে অতিবৃষ্টি বন্ধ হয়, কিংবা অতি-বৃষ্টি বন্ধ করতে দুটো ব্যাঙ ধরে তাদের সিঁদুর-হলুদ আর তেল মাখিয়ে বিয়ে দিতে হয়। আমরা বুঝতে পারি একদিকে জীবনের প্রতি আসক্তি অপরদিকে জীবনরক্ষার জন্য প্রয়োজনীয় বৈজ্ঞানিক পদ্ধতি অনায়ত্ত —এই অবস্থায় মানুষের পক্ষে সংস্কারের কাছে আত্মসমর্পণ করা ছাড়া গত্যন্তর থাকে না। আজ বিজ্ঞানের যখন চরম অগ্রগতি ঘটেছে, তখনও কিন্ত কৃষিজীবী মানুষকে জলসেচের জন্য সেই প্রকৃতির আশিস-ধারার ওপরই অধিকাংশ ক্ষেত্রে নির্ভর-শীল থাকতে হয়। কিংবা ট্রাক্টরের মত যতই কেন উন্নত যন্ত্রের ব্যবহার চালু হোক, তবু ভূমিকর্ষণে সেই মান্ধাতার আমলের বলদে টানা লাঙ্গল আজও কৃষকদের কৃষি উৎপাদনে মুখ্য সহায়ক। তাই কৃষি বা বৃষ্টি সংক্রান্ত সংস্কার আগের মত অনুসৃত না হলেও একেবারে পরিত্যক্ত হয়নি স্বীকার করতে হয়।

বর্তমানে সব গ্রামে না হলেও বেশ কিছু গ্রামে স্বাস্থ্যকেন্দ্র গড়ে উঠেছে, স্থাপিত হয়েছে হাসপাতাল বা প্রাথমিক চিকিৎসাকেন্দ্র। গ্রামের অনেক মানুষই আজ জানেন যে বিভিন্ন রোগের প্রতিষেধক ঔষধ আবিষ্কৃত হয়েছে এবং সেগুলির ব্যবহারে নিরাময় লাভ সম্ভব। বহু মানুষ এসব ঔষধের ব্যবহার করেন, রোগ নিরাময়ে চিকিৎসকের শরণাপন্ন হন। তবু একথা স্বীকার্য যে প্রয়োজনের তুলনায় এই সব স্বাস্থ্যকেন্দ্র, চিকিৎসক কিংবা ঔষধ ও চিকিৎসার জন্য প্রয়োজনীয় সাজ-সরঞ্জামের খুবই অপ্রতুলতা। যারা আধুনিক চিকিৎসা পদ্ধতির সাহায্য লাভে বঞ্চিত তারা ত বটেই, এমন কি যারা সাহায্য লাভ করে তাদেরও এক বিরাট অংশ আজও সেই দীর্ঘকালের প্রচলিত গাছ গাছড়া, ঝাড়ফুঁক, তুকতাক, জলপড়া, তাবিচ-মাদুলি ধারণ ইত্যাদিতে বিশ্বাসী। এই সঙ্গে বিভিন্ন রোগের প্রাদুর্ভাব এবং সেগুলির নিরাময়ে বিভিন্ন দেব-দেবীর সক্রিয় প্রভাব সম্পর্কে সুদূর প্রাচীন-কাল থেকেই বিশ্বাস চলে আসছে। যেমন, বসন্তের সাথে যুক্ত দেবী হচ্ছেন শীতলা, কলেরা ওলাবিবি, জ্বরের জ্বরাজ্বরি, সাপের বিষহরি, খোস পাঁচড়ার ঘেঁটু। তাই বিভিন্ন রোগের হাত থেকে রক্ষা পেতে বিভিন্ন দেব-দেবীর আরাধনা আজও গ্রামীণ সমাজে প্রচলিত। হয়ত আগের তুলনায় এসবের সংখ্যা কিছু হ্রাস পেয়েছে, কিন্তু লুপ্ত হয়ে যায়নি একেবারে। তাছাড়া রোগ নিরাময়ের জন্য দেব-দেবীর কাছে মানত আজও প্রচলিত।

গ্রামীণ সংস্কৃতির এক উল্লেখযোগ্য অঙ্গ হল শিল্পকলা। যদিও ব্যবহারিক প্রয়োজন মেটানোর তাগিদেই লোক-শিল্পের উদ্ভাবন ঘটেছিল, কিন্তু শুধু প্রয়োজন মেটানোর দিকেই গ্রামের শিল্পীরা তাঁদের সমস্ত দৃষ্টিকে নিবদ্ধ রাখেননি, প্রয়োজন অতিরিক্ত একটা সৌন্দর্যচেতনারও পরিচয় তাঁরা দিয়ে-ছেন—যে পরিচয় আমরা পেয়েছি নকশী কাঁথা, নকশী পাখা, নকশী পাটি, নকশী শিকা, নকশী পিঠা, নকশী ছাঁচ, আলপনা, পোড়ামাটির মূর্তি ও খেলনায়, শীতলপাটি, শৌখিন মাটির হাঁড়ি, মুখোসচিত্র, পটচিত্র, ঘট-চিত্রাদিতে। এখন এসবের অনেকই বিলুপ্তির পথে। জীবন সংগ্রামে লিপ্ত মানুষ একদিকে যেমন তার সৌন্দর্য চেতনাকে অনেকাংশে হারিয়েছে, তেমনি মৃন্ময় ইত্যাদি উপকরণাদির স্থান গ্রহণ করেছে প্লাস্টিক, পলিথিন, এ্যালুমিনিয়ামের তৈরী তৈজস-পত্রাদি। আজ শিকা তৈরীতে [illegible] রচনার সৌন্দর্যে, কিংবা ঝাঁটার বিচিত্র বিন্যাসে মুগ্ধ হবার সুযোগ আমরা কমই পাই।

গ্রামের মানুষের আনন্দলাভের উপকরণ ছিল দীর্ঘকাল পর্যন্ত কীর্তন, কথকতা, যাত্রা, পাঁচালীগান, লোকসঙ্গীত ও নৃত্যানুষ্ঠান ইত্যাদি। কিন্তু আজ এসব উপকরণকে গ্রাস করেছে সিনেমা, বেতার, রেকর্ড-প্লেয়ার। সুদূর গ্রামাঞ্চলেও সামাজিক অথবা ধর্মীয় অনুষ্ঠানে মাইকের ব্যবহার বেশ চোখে পড়ার মত। সঙ্গীতে যে সব বাদ্যযন্ত্রের ব্যবহার ছিল এককালে অপরিহার্য, আজ সেই একতারা, বেনা, দোতারা, সারিন্দা কিংবা ঢাক, ঢোল, কাঁসি, বাঁশী, ভেঁপুর স্থান গ্রহণ করছে বা ইতিমধ্যে করেছে হারমোনিয়াম, তবলা, গীটার, বেহালা ইত্যাদি যন্ত্রগুলি।

বহু প্রাচীনকাল থেকেই গ্রামের মানুষের জীবনে খেলাধুলো গুরুত্ব-পূর্ণ ভূমিকা গ্রহণ করে আসছে। এইসব খেলার বাহ্যিক উপকরণ যৎ-সামান্য, নেই বললেই চলে। খেলাধুলোর বৈচিত্র্যও কম ছিল না। কোনটি ছিল শ্রম সাপেক্ষ শরীর চর্চার খেলা যেমন—হাডুডু, লাঠিখেলা ইত্যাদি, আবার কিছু ছিল শ্রমহীন আনন্দের খেলা যেমন বাঘবন্দী, ষোলঘুটি, এক্কাদোক্কা, কড়ি-খেলা, কানামাছি, ঘুঁটিখেলা ইত্যাদি। আনুষ্ঠানিক খেলার মধ্যে ছিল কাদা-মাটি, পাতা খেলা, চুঙ্গা খেলা ইত্যাদি। আজ এসবের অনেকগুলিই ইতিমধ্যে বিস্মৃত, যেগুলি আজও টিঁকে আছে তাদের অবস্থাও খুব সঙ্গীন। তার বদলে ফুটবল, ক্রিকেট, ভলিবল, ক্যারম, লুডো, ব্যাডমিন্টন ইত্যাদি ক্রমেই জাঁকিয়ে বসছে।

গ্রামের সঙ্গে সহরের সংযোগ যত বাড়ছে, যানবাহনের সুযোগ যত বৃদ্ধি পাচ্ছে, লেখাপড়ার প্রসার ঘটছে রাজ-নৈতিক সচেতনতা বৃদ্ধি পাচ্ছে এবং সর্বোপরি সামাজিক ও অর্থনৈতিক কারণে গ্রামের মানুষের মানসিকতা পরিবর্তিত হচ্ছে, যার প্রতিফলন ঘটছে গ্রামীণ সংস্কৃতিতে। ইতিমধ্যেই ময়ূর-পঙ্খীর দিন অস্তমিত, পাল্কীর অবস্থাও তথৈবচ, অদূর ভবিষ্যতে গ্রামের শিশু যদি তার অভিভাবককে প্রশ্ন করে পাল্কী কি, তাতে আশ্চর্য হবার কিছু নেই। কারণ পাল্কীর তুলনায় আকাশের উড়োজাহাজের সঙ্গে তার পরিচয় অনেক বেশি গভীর, গভীরতর পরিচয় রেলগাড়ীর সঙ্গে।

(সমীক্ষায় প্রচারিত)

গান্ধীকথা

শ্রীপ্রফুল্লচন্দ্র সেন

অহিংস আন্দোলন প্রবর্ত্তনের সময় গান্ধীজী বিদেশীবস্ত্র বর্জ্জন, মাদকদ্রব্যের দোকানে পিকেটিং। আইন অমান্য ও সত্যাগ্রহের কথা যেমনভাবে বলতেন তার চেয়ে বেশী গুরুত্ব দিতেন গঠনমূলক কাজের উপর।

গঠনমূলক কার্যসূচীর মধ্যে আবার অস্পৃশ্যতা বর্জ্জন, হিন্দু-মুসলমান সাম্প্রদায়িক ঐক্য, খদ্দর ও কুটীর শিল্পের পুনরুজ্জীবনের উপর অধিকতর জোর দিয়ে বলতেন, এর দ্বারা জনসংযোগ হবে এবং প্রতিষ্ঠিত হবে নূতন সমাজ গঠনের দৃঢ় ভিত্তি। দুঃখের বিষয়, স্বাধীনতার জন্য অহিংস সংগ্রামে যে নিষ্ঠা ও ধৈর্য-সহকারে গঠনমূলক কাজ করা দরকার তা করতে পারিনি এবং সেই ব্যর্থতার জন্য স্বাধীনতা লাভ করবার পর বহু সামাজিক, নৈতিক ও অর্থনৈতিক সমস্যার সম্মুখীন হয়েছে।

অস্পৃশ্যতা আমাদের হিন্দুসমাজের এক জঘন্যতম কলঙ্ক। আজও বহুস্থানে এই কলঙ্কের জন্য সমাজ ও দেশ দুর্ব্বল হচ্ছে। জাতিভেদের জন্যও কোথায় কোথায়ও সমস্যা দেখা দিচ্ছে। গান্ধীজী চেয়েছিলেন হিন্দুসমাজ থেকে জাতি-বর্ণ-ভেদ — ছোটবড় মনোভাব ও অস্পৃশ্যতা সম্পূর্ণভাবে দূর করতে। এর জন্য কতবার তিনি উপবাস করেছেন, পদযাত্রা করেছেন—অনেক অনেক স্থানে হরিজনদের মন্দির প্রবেশের অধিকারের জন্য সত্যাগ্রহ করেছেন। স্বাধীনতার পর অস্পৃশ্যতা বিলোপের জন্য আইনের মাধ্যমে শাসনের ব্যবস্থাও হয়েছে, কিন্তু লজ্জার সঙ্গে বলতে হচ্ছে আমাদের সমাজ এই নিষ্ঠুর ব্যাধি থেকে এখনও পর্যন্ত মুক্ত হয়নি এবং সেজন্য আমরা ভুগছি। গান্ধীকথা শুধু কথায় পর্যবসিত হলে আমাদের অধঃপতন ঠেকাবো কিভাবে! গান্ধীজীর অমূল্য কথা কার্যের মাধ্যমে রূপায়িত করার সংকল্প নিতে হবে। প্রয়োজন হলে সত্যাগ্রহের আশ্রয় নিতে হবে। হরিজন ও গিরিজনদের সমাজকে সম্যক মর্য্যাদা দিতে হবে—জাতিভেদও সঙ্গে সঙ্গে দূর করতে হবে। শুধু আইনের দ্বারা এই নিদারুণ সমস্যার সমাধান হবে না।

ব্যক্তিগত প্রচেষ্টার দ্বারা সমাজে পরিবর্তন আনতে হবে। গান্ধীজী বলতেন কোন কাজই ছোট নয়, হীন নয়—সব কাজেরই মধ্যে মর্যাদা আছে। দক্ষিণ আফ্রিকা থেকে এসে অসহযোগ আন্দোলনের পূর্ব্বে গান্ধীজী—একবার কলকাতায় কংগ্রেস অধিবেশনে যোগ দেন এবং দেখে দুঃখিত হন সব কাজ করার জন্য স্বেচ্ছাসেবকদের ডাকছেন নেতারা। গান্ধীজী কিন্তু নিজের হাতে ঘর ঝাঁট দিতেন এবং পায়খানা পরিষ্কার করতেন। আচার্য বিনোবা ভাবে যখন প্রথমে গান্ধীজীর আশ্রমে আসেন, তখন দেখে বিস্মিত হন যে, মহান নেতা গান্ধী তরকারী কুটছেন এবং সেই দৃশ্য দেখে সন্ন্যাস নিয়ে হিমালয়ে যাবার সংকল্প পরিত্যাগ করে গান্ধীজীর আশ্রমে যোগ দেন—এবং নূতন আদর্শ নিয়ে কাজ আরম্ভ করেন। গান্ধীজী ট্রেনের তৃতীয় শ্রেণীতে ভ্রমণের সময় কামরা যাতে পরিচ্ছন্ন থাকে তার ব্যবস্থা নিজের হাতে করতেন এবং অন্যান্য সঙ্গী যাত্রীরা তা দেখে বিস্মিত হত এবং কামরা পরিষ্কার রাখতো।

হরিজন সমস্যা সমাধানের জন্য ব্যক্তিগতভাবে ও সামাজিকভাবে আমাদের কাজ করে এই পাপ দূর করতে হবে। জন্মগত জাতিভেদ লোপ পেলে হরিজন সমস্যা সমাধানের কাজ সহজ হবে—এ কথাও গান্ধীজী বলতেন। হরিজনদের শিক্ষাব্যবস্থা ও তাদের অর্থনৈতিক উন্নয়নের কাজও বেসরকারীভাবে করে সরকারী উদ্যমের সঙ্গে যুক্ত হতে হবে। পল্লীতে পল্লীতে এবং সহরের বস্তী অঞ্চলে তথাকথিত উচ্চবর্ণের স্বেচ্ছাসেবকেরা যদি পরিষ্কার পরিচ্ছন্নতার কাজ করে তা হলে কোন কাজই যে নীচ নয় তা সকলে উপলব্ধি করবে। গান্ধীজীর কথা শুধু শোনা নয়, তা শুনে উদ্বুদ্ধ হয়ে কাজ করতে হবে আমাদের।

হিন্দু-মুসলমান ঐক্য ও সাম্প্রদায়িক সম্প্রীতির ব্যাপারে গান্ধীজীর কথা ও দৃষ্টান্ত অনুসরণ করতে হবে। হিন্দু-মুসলমান ঐক্যের জন্যও গান্ধীজী কতব্যার উপবাস করেছেন এবং এইজন্যই তাঁকে জীবন উৎসর্গ করতে হয়েছে আততায়ীর হাতে। অসহযোগের সঙ্গে খিলাফৎ আন্দোলন গান্ধীজী যুক্ত করে ছিলেন হিন্দু-মুসলমান ঐক্যের জন্য। ভারতবর্ষের ঐতিহ্য রক্ষার জন্যই গান্ধীজী ভারত বিভাগ চাননি। আমাদেরই এই মহান দেশে দ্বিতীয় খৃষ্টাব্দে জেসুইট্ যাজকরা এসে কেরালায় খৃষ্টধর্ম প্রচার করেছিলেন, আমাদের এই দেশে পারস্য থেকে অগ্নি উপাসক পার্শীরা নির্বিবাদে তাঁদের ধর্মপালনের অধিকার পেয়েছিলেন এবং এখনও পাচ্ছেন। গান্ধীজী ধর্মনিরপেক্ষতায় আস্থাবান এবং সেইজন্য ১৫ই আগষ্ট যখন দেশবাসী উল্লাস সহকারে ঐ দিন উদ্‌যাপন করছে, তখন কলকাতার বেলেঘাটায় এক গৃহে গান্ধীজী অশ্রুবিসর্জন করছেন।

আর্থিক উন্নয়নের জন্য, দেশ থেকে বেকার সমস্যা দূর করবার জন্য, ধনবৈষম্যের লোপ সাধনের জন্য গান্ধীজী চেয়েছিলেন বিকেন্দ্রীকৃত অর্থনীতি প্রবর্ত্তন করতে, চেয়েছিলেন চরকা ও ক্ষুদ্র কুটীরশিল্পের ব্যাপক উন্নয়ন। গান্ধীজী বলতেন—আমার জীবনই আমার বাণী।' তাঁর অমোঘ ও মৌল বাণী শুধু কথা নয় তা প্রাণবন্ত—সেই বাণী যদি আমরা কার্যে পরিণত করতে পারি তা হলে সার্থক হবে গান্ধীকথা। (বেতারস্থ)

বেতারে এই পক্ষ

১৬—৩০ নভেম্বর, ১৯৮১

॥ নাটক ॥

এ পক্ষের প্রথম দিন 'যুববাণী'-তে রাত ৯ টায় 'প্রতিবাদ'; রচনা—দীপক পোদ্দার, প্রযোজনা—অমলকুমার মন্ডল। ১৮ নভেম্বর, 'বিচিত্রানুষ্ঠান'-এ যাত্রা 'বন্ধনমুক্তি'। ২০ নভেম্বর, রাত ৮ টায় 'মুখাগ্নি'' কাহিনী—সুনীল গঙ্গোপাধ্যায়, বেতাররূপ — শঙ্কর দাশগুপ্ত, প্রযোজনা—অজিত মুখোপাধ্যায়। পরের দিন দুপুর ৩ টায় 'পুরী এক্সপ্রেস'; কাহিনী—আশাপূর্ণা দেবী, বেতাররূপ—মিহির চট্টোপাধ্যায়, প্রযোজনা—জগন্নাথ বসু। ২২ নভেম্বর, দুপুর ২-৩৫ মিনিটে 'একা এবং একা'; রচনা—সমীর দাশগুপ্ত, প্রযোজনা—অজিত মুখোপাধ্যায়। ২৯ নভেম্বর, দুপুর ২-৩৫ মিনিটে 'ডাকবাংলো'; রচনা—মৃত্যুঞ্জয় মাইতি, প্রযোজনা—অজিত মুখোপাধ্যায়।

॥ অন্যান্য অনুষ্ঠান ॥

১৭ নভেম্বর, 'ছোটদের আসর'-এ কথিকা 'ফসলের বৃদ্ধিতে' পর্যায়ে 'হাওয়া'। ১৯ নভেম্বর, 'বিদ্যার্থীদের জন্য' অনুষ্ঠানে রূপক 'ধ্বনি প্রতিধ্বনি'। ২০ নভেম্বর, 'পল্লী বেতারগোষ্ঠীর অনুষ্ঠান'-এ আলোচনা 'বোরো ধানের বীজতলা তৈরী'। পরের দিন সন্ধ্যা ৬-৪০ মিনিটে 'প্রতিবন্ধীদের কল্যাণ' পর্যায়ে 'সরকারে দায়িত্ব'। ঐ একই দিনে 'কৃষিকথার আসর'-এ সাক্ষাৎকার অনুষ্ঠান 'গম চাষের কোন দরকারী কথা মনে রাখি'। ২৭ নভেম্বর, সন্ধ্যে ৬-৪০ মিনিটে আলোচনা 'জাতীয় সম্পত্তি রক্ষায় সমাজের দায়িত্ব'।

শান্ত অথচ স্নিগ্ধ পরিবেশে আপনার প্রিয় বেনারসী ও সিল্ক শাড়ীটি বেছে নিন......

দি বেনারসী প্যালেস্

(বিবেকানন্দ বস্ত্রালয়ের দ্বিতলে)

গড়িয়াহাট জং, ফোন-৪৬-১১৪২



বাংলা মঞ্চে গালিলেও

গৌতম ঘোষদস্তিদার

আন্তর্জাতিক নাট্যান্দোলনের ক্ষেত্রে বের্টোল্ট ব্রেশট্ শুধু একটি নামই নয়, একটি জ্বলন্ত প্রতিষ্ঠান বিশেষ। নাটকের ক্ষেত্রে তিনি হলেন এমন এক নতুন পুরুষ, যাঁর অপর নাম সংগ্রামী মানসিকতা এবং যা সামাজিক চেতনার ফসল এবং মুক্তিকামী মানুষের কাছে একটি দ্রোব্য প্রতীক স্বরূপ। পৌরাণিক থিয়েটার যে তাঁর একক প্রচেষ্টায়ই ডায়লেটিক-ক্যাল্ থিয়েটারে উন্নীত হয়েছিল, এই তথ্য আজ আমাদের সকলেরই জানা। বস্তুত, নাটকের সাথে রাজনীতির এই সখ্যতা স্থাপন ব্রেশটের অন্যতম অবদান, যা নাটককে প্রমোদোপকরণের ঊর্দ্ধে একটি স্থির সংগ্রামী ভূমিকায় প্রতিষ্ঠিত করে দিয়েছে। তাঁর নাটকের সাথে মার্ক্সীয় রাজনীতির এ রকম প্রত্যক্ষ সম্পর্ক থাকায় (যদিও ব্রেশ্‌ট কম্যুনিস্ট পার্টির সদস্য ছিলেন না, এবং নাট্যকাররূপে খ্যাত হওয়ার অনেক পরে 'ক্যাপিট্যাল' পড়েছিলেন) আগের কালের থিয়েটারের অলীক কুনাট্য অপেক্ষা এই 'অন্য থিয়েটার' মানুষের একেবারে নিজস্ব প্রতিচ্ছবিরূপে দর্শককে অনেক বেশি অনুপ্রাণিত করেছে, যা ব্রেশটের মৃত্যুর পর আজ আরো বেশি করে প্রত্যক্ষ করা যাচ্ছে।

আজকের নাট্যজগতে ব্রেশট্ শুধু এ কারণেই একটি সম্ভ্রম্ভ নাম নয় যে, তিনি একটি নতুন নাট্যরীতির উদ্ভাবক; ভাববাদী চিন্তাধারাকে পরাহত করে ১৯-শতকের মধ্যপর্ব থেকে যে সামাজিক বাস্তববাদ বুর্জোয়া সংস্কৃতির ভিৎ অনেকটাই এলোমেলো করে দিয়েছিল, তাকে নাট্যশিল্পের সাথে ওতপ্রোত করে দেওয়ার কারণেও আজকের নাট্যজগতে ব্রেশট্ একটি উজ্জ্বল সিংহাসনে সমারূঢ় হয়ে গেছেন। বস্তুত, ব্রেশট্ চেয়েছিলেন, নাট্যিক ক্রিয়ার মাধ্যমে মানুষকে স্ব-অস্তিত্বের সংকট ঠিকঠিক উপলব্ধি করাতে, গল্প বলে হাসাতে বা কাঁদাতে নয়। আর সেই উদ্দেশ্যে ব্রেশট্‌কে বেছে নিতেই হয়েছিল এমন এক যোগাযোগ পদ্ধতি, যা মানুষকে সরাসরি আঘাত করে। ব্রেশটের এপিকোচিত নাট্যক্রিয়া সেই উদ্দেশ্য সাধনার্থেই ব্যবহৃত। এপিকে যেমন কাহিনী এবং চরিত্রের সাথে বিশ্লিষ্ট থেকেও একটি বৃহত্তর সময় এবং সমাজের প্রেক্ষাপটে বিভিন্ন শ্রেণীময় মানুষের বিন্যস্ত দ্বন্দ্বমূলকতার ছবি স্পষ্ট পাওয়া যায়—তেমনই ব্রেশ্‌টীয় নাটকেও দর্শক ঘটনা এবং চরিত্রের গতিবিধির দিকে চোখ স্থির রেখে, তা থেকে দূরত্ব বজায় রেখেই, ঘটনাকে ঐতিহাসিক চোখে বিশ্লেষণ করতে সক্ষম হয়। এবং সেই মহাকাব্যিক বিস্তৃতিকে ব্রেশট্ অনুদিত করেছিলেন অপেরা ধর্মিতায়। কেন না, অধিকাংশ মানুষের মনোগ্রাহিতার দিকটিকে ব্রেশট্ কখনোই উপেক্ষা করেননি। অবশ্য, তাকে সেই সাথে এ কথাও মনে রাখতে হয়েছিল যে, অপেরার সুর এবং ঢেউয়ে যেন তাঁর দর্শকেরা আদ্যোপান্ত ভেসে না যান। সেজন্যে তাঁর নাটকে বিবৃতিধামতা, প্রত্যক্ষ সংলাপ, পোস্টার, চলচ্ছবি, শাস্ত্রবিরোধী মঞ্চরীতি ইত্যাদির মাধ্যমে দর্শকের ভাবাবেগ এবং মোহগ্রস্ততাকে (কেন না, বিদ্যাসাগরের চটি এই নাটকে একেবারেই অচল) ভেঙ্গে দিতে হয়, যাতে দর্শক কখনোই বিস্মৃত না হয় যে, সে একটি 'নাটক'-ই দেখছে। সে এমন একটা ঘটনা প্রত্যক্ষ করছে, যা অতীতের কোন ঘটনার নাট্যানুবাদ মাত্র। সে এই ঘটনার অংশীদার নয়, এই ঘটনা থেকে তাঁকে নিজের সময় এবং সমাজ বিষয়ে সচেতন হতে হবে।

এইসব বিবিধ অনুষঙ্গের কারণে বহুদিন ধরেই কলকাতার নাট্যজগতে ব্রেশট্ এত একাগ্রবর্তী। ভালোয়-মন্দে মিশিয়ে এখানে বহু নাট্যগোষ্ঠী ব্রেশট্ প্রযোজনা করে বাংলা নাটককে স্বাস্থ্যবান করার আন্তরিক প্রয়াস পেয়েছে। এই কিছুদিন আগেও 'দ্য গুড্ ওয়ান্ অফ্ সেজুয়ান্' এবং 'ককেশিয়ান্ চক্ সার্কল' অবলম্বনে একাধিক নাট্যগোষ্ঠীর প্রযোজনাকে কেন্দ্র করে কলকাতা উত্তাল হয়েছিল। তাঁর আগে 'থ্রি পেনিস্ অপেরা' বা 'পন্টিলা অ্যান্ড্ হিজ ম্যান্ মার্ট্টি' অনুসরণে 'তিনপয়সার পালা' বা 'পন্তু লাহা' বিশেষ সাফল্য, স্বাতন্ত্র্যের পরিচয় দিয়েছিল। আর ঠিক সেই উত্তরাধিকার সূত্রেই কলকাতার নাট্যমোদী মানুষ পুনরায় জড়িয়ে গেছে ব্রেশটের অন্যতম বিশিষ্ট নাটক 'লাইফ অফ গালিলেও' অবলম্বনে ২ দু'টি সমকালীন প্রযোজনা 'গালিলেও' (বহুরূপী) এবং 'গালিলেওর জীবন' (কলকাতা নাট্যকেন্দ্র)-এর সাথে।

এ-কথা লেখাই অতিরিক্ত যে, 'গ্যালিলেওর জীবনী' নিয়ে নাটক করার অর্থই হল, সামাজিক মানুষকে নতুনভাবে নতুন সত্যের সাথে পরিচিত করানো। গালিলেও হলেন সেই মহান বিজ্ঞানী, যিনি চেয়েছিলেন বিজ্ঞানের মাধ্যমে মানুষকে অস্তিত্বের সংকট থেকে মুক্তি দিতে। তাই, সৌর নিয়ম বিষয়ে চিরকালের মিথ্যা সত্যে সংশয় প্রকাশ করে রোমের বিদ্রোহী বিজ্ঞানী জিয়োর্দানো ব্রুনো জীবন্ত দগ্ধ হয়েছিলেন, এই তথ্য জানা থাকা সত্ত্বেও ব্যাঘ্র-মনস্ক বিজ্ঞানী গালিলেও সেই প্রচলিত সত্য অস্বীকার করে সারা পৃথিবীকে সচকিত করে তোলেন। ফলত, স্বভাবতই শুরু হয় চার্চের সাথে তাঁর অনিবার্য সংঘাত। কারণ, ধর্মের অচলায়তনে স্বেচ্ছাবন্দী ধর্মযাজকেরা কোন শর্তেই বৈজ্ঞানিক বিচার-বিশ্লেষণ মানতে রাজী নন। তাঁরা আতঙ্কিত এ-কারণে যে, ধর্ম দিয়ে এতদিন তারা যে-সব মানুষকে ঘুম পাড়িয়ে রেখেছিলেন, তাদের যদি একবার ঘুম ভেঙ্গে যায়, চোখ খুলে যায়, তাহলে তো কায়েমী প্রভুদের সমূহ ক্ষতি। কেন না, জনগণ যখনই ধর্ম, শাসন ইত্যাদির কাগুজে রূপ টের পেয়ে যায়, তখনই তো তারা প্রতিবাদে, প্রতিরোধে সোচ্চার হয়ে ওঠে। বর্গীদের দিন ফুরোয়।

সুতরাং গালিলেও বন্দী হলেন। এমন কি, জনসমক্ষে তিনি এ-কথা ঘোষণা করতেও বাধ্য হলেন যে, তাঁর আবিষ্কার ভ্রান্ত এবং তা ঈশ্বর বিশ্বাসে আঘাত করায় তিনি অনুতপ্ত এবং ক্ষমাপ্রার্থী। এতে করে তিনি চরম নির্যাতন থেকে আপাত নিষ্কৃতি পেলেও তাঁর আত্মসর্বস্বতার কারণে তিনি তাঁর প্রিয় শিষ্যদের অশেষ ঘৃণার পাত্র রূপে চিহ্নিত হয়ে গেলেন, কারণবশতই।

কিন্তু গালিলেও মহান। তিনি কখনোই, কোন প্রলোভনেই সত্যকে ত্যাগ করেননি। রণকৌশল রূপে সাময়িক আপোষ করেছিলেন মাত্র। তাই বন্দীদশায় তিনি সেই সত্যকে সযত্নে লালন করে গেলেন। এবং দীর্ঘ ১০ বছর পর সেই গোপন সত্য, তাঁর লেখা ডিস্‌কোর্সি, তাঁর প্রিয় শিষ্য আন্দ্রিয়া কৌশলে অন্যদেশে বয়ে নিয়ে যায়।

এই নাট্যবস্তুকে কেন্দ্র করে যে সত্যটি নিয়ত অনুরণিত হতে থাকে তা হল—সত্য অবিনশ্বর, সংগ্রাম অনিবার্য। তাই এক সত্যসংগ্রামী বৈজ্ঞানিকের জীবন-কেন্দ্রিক এই নাটক ব্যক্তিজীবনকে অতিক্রম করে মানব সভ্যতা তথা ইতিহাসের অমোঘ এবং নৈর্ব্যক্তিক গতি এবং সত্যকেই প্রত্যক্ষ করে তোলে। ব্রেশটের নাটকের প্রাণবায়ু তো এখানেই।]*

পাতাল রেল........

(৭০১ পৃষ্ঠার পর)

এছাড়া উত্তর কলকাতায় পাতাল-রেলের কাজ চলছে চিৎপুর রেলওয়ে ইয়ার্ডের পশ্চিমদিকে শীল্ড টার্নেলিং পদ্ধতিতে প্রায় ২০ মিটার গভীরে মাটির তলায় সুড়ঙ্গ কেটে কেটে। একটি সুড়ঙ্গ ৮০ মিটার কাটা হয়েছে। পাশাপাশি অন্যটির কাজও চলছে। এই পদ্ধতিতে কাজ চলবে শ্যামবাজার পাঁচমাথার মোড় অব্দি।

পাঁচমাথার মোড় থেকে এসপ্ল্যানেড অব্দি কাজ চলছে জায়গায় জায়গায় বিভিন্ন পর্যায়ে. ভুপেন বসু এ্যাভিনিউ, যতীন্দ্রমোহন এভিন্যুতে ডায়াফ্রাম দেয়াল গাঁথার কাজ চলছে দ্রুতগতিতে। অন্যান্য জায়গায় চলছে রাস্তা চওড়া করার কাজ।

এসপ্ল্যানেড থেকে টালিগঞ্জ এই আট কিলোমিটার কাজের মোটামুটি চার কিলোমিটার সুড়ঙ্গ পথ নির্মাণ প্রায় সম্পূর্ণ। এসপ্লানেড, পার্ক-স্ট্রীট ও ময়দান স্টেশন সমাপ্তির পথে। কাজ চলছে অন্য স্টেশনেও। টালিগঞ্জ প্রান্ত স্টেশনটি থাকবে মাটির উপরে। সে কাজও এগিয়ে চলেছে।

সবই তো হল, কিন্তু বগিগুলো থাকবে কোথায়? দমদম স্টেশন, ক্যানটনমেন্ট ও বেলঘরিয়া স্টেশনের মধ্যবর্তী বিশাল এলাকা জুড়ে গড়ে উঠছে 'কার শেড' এলাকা। এই কাজ এমনিতেই এত বিশাল যে আর বছরখানেকের মধ্যেই এর স্বরূপ সাদা চোখেই ধরা পড়বে।

সবশেষে মেট্রো রেলভবন। চৌরঙ্গী-পার্কস্ট্রীট মোড়ের অদূরে দশ তলা বাড়িটি গড়ে উঠছে সেন্ট্রাল কন্ট্রোল এবং পাতাল রেলের মূল অফিস হিসেবে। এখান থেকেই দমদম-টালিগঞ্জ পাতালপথের সমস্ত গাড়ীকেই নিয়ন্ত্রিত করা হবে। পাতাল রেলের গাড়ী চলবে ভোর চারটে থেকে রাত বারোটা পর্যন্ত। ভীড়ের সময় প্রথম দিকে গাড়ী চলবে তিন মিনিট অন্তর। দমদম থেকে টালিগঞ্জের মধ্যে প্রায় ২২ খানি গাড়ী এই সময় চলবে। প্রতি মুহূর্তে এই গাড়ীগুলির ড্রাইভারদের সঙ্গে কথা বলা ও নির্দেশ দেওয়া হবে এই সেন্ট্রাল কনট্রোলের মাধ্যমেই। বিভিন্ন ট্রেনের যাত্রীরা নিজেদের কামরার মধ্যেই নানারকম ঘোষণা শুনতে পাবেন। কোন ট্রেনের যাত্রীরা হয়ত শুনবেন—"এস্‌প্ল্যানেড্ স্টেশন এসে গেল, নামুন।"

(বেতারস্থ)

॥ শিশুদের আচরণ সমস্যা ॥

প্রাণশঙ্কর সাহা

"এ **চাইল্ড** ইজ নট এ প্রব্লেম, **বাট** এ প্রমিস।"

সত্যিই তাই। একটি দেশের শিশুর শারীরিক এবং মানসিক উন্নতিই সেই দেশের সামগ্রিক উন্নয়নের মাপকাঠি। শিশুর মানসিক উন্নতি এবং চরিত্র গঠনের কাজ শুরু করতে হয় খুব ছোট বেলা থেকেই—প্রায় জন্মের পর থেকেই।

শিশুর আচরণ সমস্যাকে প্রধাণতঃ দুটি ভাগে ভাগ করা যায়—

(১) মূলতঃ, সমাজের পক্ষে ক্ষতিকর যেমন চুরি করার অভ্যাস, ভিক্ষে করার অভ্যাস, জুয়া খেলার প্রবণতা, নিষ্ঠুরতা, নষ্ট করা বা ধ্বংস করার প্রবৃত্তি; এবং

(২) শিশুর নিজের পক্ষে ক্ষতিকর এবং অভিভাবকদের পক্ষে বিরক্তিকর আচরণ। এর মধ্যে রয়েছে—

(ক) কয়েকটি অস্বাভাবিক আচরণ যেমন, আঙুল চোষা, নখ কামড়ানো, বিছানা ভেজানো, তোতলামি, খাওয়া বা খাওয়ানোর সমস্যা। এগুলোকে বলা যায় অভ্যাসের বিকৃতি।

(খ) ব্যক্তিত্বের সমস্যা যেমন, ভীরুতা, লজ্জা, স্পর্শকাতরতা, একগুঁয়েমি। হিংসা, ভয় এবং অসম্ভব রাগ বা মর্জ্জি।

(গ) শারীরিক এবং মানসিক ভারসাম্য ব্যাহত হওয়ার জন্য অস্বাভাবিকতা যেমন, রাত্রে ভয় পাওয়া (নাইট্ টেরর্স্), মাঝে মাঝে অজ্ঞান হয়ে যাওয়া (ফিট্স্), হঠাৎ হঠাৎ মাথাধরা, মাঝে মাঝে পেট ব্যথা, বমি এবং বমির ভাব, খিধে কমে যাওয়া, নিদ্রাহীনতা প্রভৃতি।

(ঘ) কোন বড় অসুখের ফলস্বরূপ পরবর্তীকালে মাঝে মাঝে অজ্ঞান হওয়া, পেছিয়ে পড়া, বুদ্ধি কমে যাওয়া প্রভৃতি। সাধারণতঃ মস্তিস্কের কোন সংক্রামক রোগ, যেমন এন্কেফেলাইটিস্, মেনিন্জাইটিস্ প্রভৃতি এর প্রধান কারণ।

(ঙ) শিক্ষার সমস্যা যেমন, পড়া-শুনায় পেছিয়ে পড়া, অথবা পড়া-শুনায় একেবারেই আগ্রহ না থাকা। বলাই বাহুল্য, এ জন্য দায়ী শিশু নয়—দায়ী তার পারিবারিক পরিস্থিতি অথবা পারিপার্শ্বিকতা।

(চ) জন্ম থেকেই মানসিক দিক থেকে পেছিয়ে পড়া শিশু যাদের মস্তিস্কের গঠনই ঠিকমত হয়নি চিকিৎসা বিজ্ঞানের ভাষায় এদের বলা হয় ইডিয়টস্ (বুদ্ধির পরিমাপ বা (I.Q. ০—২০), ইম্বেসাইল, (I.Q. ২০—৪০) প্রভৃতি। এদের স্বাভাবিক শিশুর পর্য্যায়ে কোনদিনই ফিরিয়ে আনা সম্ভব নয়। কিন্তু আজকাল এদের জন্য কিছু আলাদা বিদ্যালয় স্থাপিত হয়েছে। এই সব বিদ্যালয়ে শিক্ষা পদ্ধতিও বিজ্ঞান সম্মত। এখানে শিক্ষা পেলে এরা অনেকটা স্বনির্ভর হতে পারে এবং তাতে শিশু বাবা-মা এবং সমাজের সমস্যার কিছুটা সুরাহা হয়।

শিশুর আচরণ সমস্যার উপরোক্ত শ্রেণীবিন্যাস থেকে একথা স্পষ্টই বোঝা যাচ্ছে যে খুব অল্প ক্ষেত্রেই শিশু সমস্যা নিয়ে জন্মায়। 'প্রব্লেম চাইল্ড' সৃষ্টির জন্য দায়ী মা-বাবা সমাজ এবং পারিপার্শ্বিকতা।

জন্ম থেকেই শিশুর সবচেয়ে কাছের মানুষ তার মা। শিশুর চরিত্র এবং স্বভাব গঠনে তাঁর দায়িত্ব এবং অবদানই সবচেয়ে বেশী। এর পরেই তার বাবার স্থান। একান্নবর্তী পরিবারে অন্যান্য আত্মীয়স্বজনের অবদানও কম নয়। শিশুদের মানসিক স্বাস্থ্যগঠনে এঁদের সকলকেই দায়িত্ব সচেতন হতে হবে। শিশুর চরিত্রে কোন অসংলগ্নতা দেখলেই নিজেদের আত্মানুসন্ধানে মন দিতে হবে। শান্তভাবে খুঁজতে হবে শিশুর ঐ অস্বাভাবিক আচরণের কারণ। হয়তো দেখা যাবে মা-বাবা বা অন্য বড়দের কোন আচরণই এই অস্বাভাবিকতার জন্য দায়ী। কারণ শিশু বড়ই অনুকরণ প্রিয়। সে যা দেখে তাই শেখে।

গর্ভাবস্থায় মায়ের পুষ্টির এবং মানসিক প্রফুল্লতার সংগে সহজ প্রসব এবং শারীরিক এবং মানসিক দিক থেকে সম্পূর্ণ সুস্থ শিশুলাভের বিশেষ যোগ রয়েছে। শিশুর প্রতি বাবা-মায়ের আচরণ স্বভাবতঃই স্নেহশীল। কিন্তু বাবা এবং মায়ের পরস্পরের প্রতি আচরণও অবশ্যই অত্যন্ত সংযত এবং মধুর হতে হবে। গৃহের শান্ত মধুর পরিবেশেই শিশুর স্বভাবও হয়ে উঠবে শান্ত এবং মধুর।

শিশুর আচরণ সমস্যাগুলোর মধ্যে সবচেয়ে বেশী (যে সমস্যার সম্মুখীন আমাদের প্রায়ই হতে হয়) তা হলো খাওয়ানোর সমস্যা। মা-বাবা, পরিবারিক চিকিৎসক এবং শিশু বিশেষজ্ঞ সকলকেই এই সমস্যা নিয়ে বিব্রত হতে হয়। এ ব্যাপারে ও মায়ের দায়িত্বই সব চেয়ে বেশী। কারণ, আমাদের দেশে মাতৃদুগ্ধই সাধারণতঃ শিশুর প্রথম খাদ্য এবং জন্মাবার পর কয়েক মাস পর্য্যন্ত মায়ের দুধই শিশুর শ্রেষ্ঠ খাদ্য।

জন্মের পর কয়েক বছর পর্যন্ত শিশু মা বা মাতৃসমা কোন মহিলার উপরই খাওয়ার ব্যাপারে সম্পূর্ণ নির্ভরশীল। মাকে এবং ঐ মহিলাদের সব সময় মনে রাখতে হবে, একই বয়সের সব শিশু সমান খায় না এবং শিশুকে জোর করে খাওয়ানো অত্যন্ত ক্ষতিকর। শিশুকে সময়মত সুষম এবং সুস্বাদু খাবার দেওয়া মায়ের দায়িত্ব—খাওয়ার এবং তার পরিমাণের দায়িত্ব শিশুর। যে কোন অসুস্থতার সময় শিশু সাময়িক কম খাবেই। এ নিয়ে দুশ্চিন্তার কোনও কারণ নেই। তবে অসুস্থতার যথাযথ চিকিৎসা অবশ্য কর্তব্য। বড়দের মত শিশুরও নির্দ্দিষ্ট সময়ে খাওয়ার অভ্যাস থাকা ভাল। তবে খুব ছোট শিশুদের চাহিদা অনুযায়ী অল্প সময়ের ব্যবধানেও খাবার দেওয়া যেতে পারে, যাকে বলে 'ডিমান্ড ফিডিং'। খাওয়া বা খাওয়ানের সমস্যাটা অধিকাংশ ক্ষেত্রেই সাময়িক। ধৈর্য্য সহকারে চেষ্টা করলে মা নিজেই এই সমস্যার সমাধান করতে পারেন। অযথা ভিটামিন বা টনিক খাইয়ে রুচি বা খিধে বাড়াবার প্রয়োজন নেই।

বিকৃত খাদ্য-লিপ্সা বা 'পার্ভার্টেড অ্যাপিটাইট্'-ও এক ধরণের আচরণ সমস্যা। এক্ষেত্রে শিশুর নানারকম অখাদ্য-কুখাদ্য খাওয়ার প্রবণতা দেখা যায়। ধুলো বালি, কাদা, পোড়ামাটি,

(শেষাংশ ৭০৭ পৃষ্ঠায়)

DEGREE & H.S. COURSES

অধ্যাপক প্রমোদবন্ধু সেনগুপ্ত প্রণীত
নীতিবিজ্ঞান ও ভারতীয় দর্শন —২য় সংস্করণ ২৫·০০
পাশ্চাত্ত্য দর্শন—২য় সংস্করণ ১২·০০
মনোবিদ্যা ও সমাজদর্শন —২য় সংস্করণ ২৭·০০

অধ্যাপক সেনগুপ্ত ও বসু প্রণীত
পাশ্চাত্ত্য যুক্তিবিজ্ঞান—১ম খন্ড (প্রতীকসহ) ২য় সংস্করণ ৩২·০০
পাশ্চাত্ত্য যুক্তিবিজ্ঞান (২য়) ২০·০০

অধ্যাপক ঘোষ, হালদার ও রায় প্রণীত
শিক্ষাবিজ্ঞান ১৫·০০
শিক্ষা মনোবিজ্ঞান ২২·০০
ভারতীয় শিক্ষার সাম্প্রতিক বিবর্তন ১৫·০০

অধ্যাপক প্রমোদবন্ধু সেনগুপ্ত প্রণীত
Higher Secondary Philosophy (English) 2nd Edition 22.00
উচ্চ-মাধ্যমিক দর্শন (সংশোধিত ও পরিবর্তিত)—৭ম সংস্করণ ২২·০০

অধ্যাপক সেনগুপ্ত ও গীতা সেন প্রণীত
উচ্চ-মাধ্যমিক মনোবিজ্ঞান —২য় সংস্করণ ২৫·০০

অধ্যাপক সেনগুপ্ত, ঘোষ ও হালদার
উচ্চ-মাধ্যমিক শিক্ষা—২য় সং ২২·০০

অধ্যাপক চট্টোপাধ্যায় ও সেনগুপ্ত
উচ্চ-মাধ্যমিক সমাজবিদ্যা— ১৮·০০

HONOURS COURSE

অধ্যাপক প্রমোদবন্ধু সেনগুপ্ত প্রণীত
ভারতীয় দর্শন (১ম) ১০ম সং ১৮·০০
ভারতীয় দর্শন—(২য়) ৩য় সং ১০·০০
ভারতীয় দর্শন—৩য় খন্ড (বেদ ও উপনিষদ) ১০·০০
পাশ্চাত্ত্য দর্শন—১২শ সংস্করণ ১৮·০০
নীতিবিজ্ঞান—১১শ সংস্করণ ১৭·০০
সমাজদর্শন—১১শ সংস্করণ ১৭·০০
মনোবিদ্যা—৯ম সংস্করণ ২৮·০০
পাশ্চাত্ত্য দর্শনের সংক্ষিপ্ত ইতিহাস— (থেল্স্—অ্যারিস্টটল) ২৫·০০
পাশ্চাত্ত্য দর্শনের সংক্ষিপ্ত ইতিহাস— (আধুনিক যুগ) ৩য় সংস্করণ ১৫·০০
পাশ্চাত্ত্য দর্শনের সংক্ষিপ্ত ইতিহাস— —ইমানুয়্যাল কান্ট ১৮·০০
ধর্মদর্শন (Phi. of Religion) ২৫·০০
সমাজ মনোবিজ্ঞান—২য় সং ১৬·০০
Handbook of Social Philosophy —3rd Edition 35.00

B.ED, B.T. COURSE

অধ্যাপক গৌরদাস হালদার প্রণীত
শিক্ষণ প্রসঙ্গে পদ্ধতি ও পরিবেশ— (পরিবর্তিত) ২য় সংস্করণ ২০·০০
শিক্ষণ প্রসঙ্গে ইতিহাস ২য় সং ২০·০০
শিক্ষণ প্রসঙ্গে অর্থনীতি ও পৌরবিজ্ঞান ২০·০০
শিক্ষণ প্রসঙ্গে শিক্ষার ইতিহাস ২০·০০

অধ্যাপক সেনগুপ্ত, রায় ও ঘোষ প্রণীত
শিক্ষণ প্রসঙ্গে মনোবিজ্ঞান— —৩য় সংস্করণ ৩০·০০
শিক্ষণ প্রসঙ্গে শিক্ষাতত্ত্ব— ১৮·০০

ব্যানার্জী পাবলিশার্স
৫/১এ, কলেজ রো-৯
ফোন: ৩৪-৭২৩৪

শ্মিরী শাল • মলিদা • তুষ • কম্বল • র‍্যাগ • উলেন পোষাক সুলভে!

সিল্ক ও তাঁত বস্ত্র
অর্ডারী পোষাক
শৈললাল মনিলাল
বহুবাজার
শ্যামবাজার
ফোন ৩৪-২১২৬
ফোন ৫৫-২০০৭
বিছানা
শাল ও আলোয়ান



অখিল ভারতীয় কার্যক্রম

জিতেন্দ্র অভিষেকী : কণ্ঠসংগীত

দূরদর্শন ২০ নভেম্বর, ১৯৮১

জিতেন্দ্র অভিষেকীর প্রথম জীবন কেটেছে জন্মস্থান গোয়াতে। প্রাথমিক তালিম পিতা প্রখ্যাত কীর্তনকার স্বর্গতঃ বলবন্তরাও অভিষেকীর কাছে। পরবর্তীকালে পন্ডিত জগন্নাথবুয়া পুরোহিত, আজমত হোসেন খাঁ ও গুলুভাই যশদানওয়ালার তত্ত্বাবধান শিল্পীকে বর্তমানের পরিণত রূপটি দান করে। সমৃদ্ধ কন্ঠের অধিকারী শিল্পী খেয়াল, ঠুংরী, ভজন ও মারাঠী নাট্যসংগীত ইত্যাদি সংগীতের বিস্তীর্ণ ক্ষেত্রে সমান সাবলীল। বিশেষভাবে উল্লেখ্য মারাঠী মঞ্চগীতির পুনরুত্থানে শিল্পীর অবদান। দেশব্যাপী অনুষ্ঠানে অংশগ্রহণ করেছেন শিল্পী।

জিতেন্দ্র অভিষেকীর কন্ঠসংগীত শোনা যাবে দূরদর্শনের অখিল ভারতীয় সংগীত ও নৃত্য কার্যক্রমে ২০ নভেম্বর।

রাধা ও জয়লক্ষ্মী : দ্বৈত কণ্ঠসংগীত

২১ নভেম্বর, রাত ৯-৩০ মিনিট

১৮ অক্টোবর দিল্লীতে অনুষ্ঠিত রেডিও সংগীত সম্মেলন কনসার্টে পরিবেশিত রাধা ও জয়লক্ষ্মীর দ্বৈত কন্ঠসংগীত সম্প্রচারিত হবে ২১ নভেম্বরের অখিল ভারতীয় কার্যক্রমে রাত ৯-৩০ মিনিটে।

পদ্মাবতী শালিগ্রাম : কণ্ঠসংগীত

২৮ নভেম্বর, রাত ৯-৩০ মিনিট

১৮ অক্টোবর লক্ষ্ণৌ-এ অনুষ্ঠিত রেডিও সংগীত সম্মেলন কনসার্টে পরিবেশিত পদ্মাবতী শালিগ্রামের কন্ঠসংগীত সম্প্রচারিত হবে অখিল ভারতীয় কার্যক্রমে ২৬ নভেম্বর, রাত ৯-৩০ মিনিটে।

পন্ডিত অমরনাথ : কণ্ঠসংগীত

দূরদর্শন ২৭ নভেম্বর, ১৯৮১

ইন্দোর ঘরানার অন্যতম প্রবক্তা পণ্ডিত অমরনাথের প্রাথমিক তালিম অধ্যাপক বি. এন. দত্তের কাছে এবং পরবর্তী মার্গদর্শন প্রখ্যাত সংগীতবেত্তা স্বর্গতঃ ওস্তাদ আমীর খাঁর হাতে। রাগের স্পর্শকাতর ও মর্মস্পর্শী প্রকাশ এবং আলাপ, সরগম ও তানের বুদ্ধিদীপ্ত বিস্তারে দেশে বিদেশে শিল্পীর বিশেষ খ্যাতি। 'শিল্পীদের যাদুকর' নামে অভিহিত এই শিল্পীর স্বকীয় ভান্ডারে সংযোজিত মূল রচনা এবং সেই সঙ্গে কর্ণাটক রীতি থেকে নিজস্ব ঘরানায় রূপান্তরিত সংগীতের সংখ্যা কম নয়। চিত্রগীতির ক্ষেত্রেও শিল্পী সমান সাবলীল। পেশাদার শিল্পীদের শ্রদ্ধাভাজন এবং পরবর্তী প্রজন্মের কাছে সংগীতশিক্ষক হিসেবে বিরল প্রতিভার অধিকারী হিসেবে বন্দিত এই শিল্পী বর্তমানে দিল্লীর 'ভারতীয় কলামন্দির'-এর সঙ্গে যুক্ত।

পন্ডিত অমরনাথের কন্ঠসংগীত সম্প্রচারিত হবে দূরদর্শনের অখিল ভারতীয় সংগীত ও নৃত্য কার্যক্রমে ২৭ নভেম্বর।

শিশুদের আচরণ সমস্যা

(৭০৫ পৃষ্ঠার পর)

ছাই, পোকা, এমনকি গোবর খাওয়ার প্রবণতা শিশুর মধ্যে লক্ষ্য করা যায়। সাধারণতঃ এক বছর বয়স পর্যন্ত শিশুর খাদ্য-অখাদ্য বিচারের ক্ষমতা বা বুদ্ধি থাকে না। তারপরও, বিশেষ করে, ৪ বছর বয়সের পরেও এই প্রবণতা থেকে গেলে সতর্ক চিকিৎসা বাঞ্ছনীয়। অপুষ্টি, কৃমি, হুক-ওয়ার্ম, রক্তাল্পতা এবং জড়বুদ্ধি এই ধরনের প্রবণতার প্রধান কারণ। কৃমি, হুক-ওয়ার্ম প্রভৃতির ধৈর্য সহকারে চিকিৎসা করলে সুফললাভ নিশ্চিন্ত। ভিটামিন এবং লোহ যুক্ত টনিক ও খাদ্য খাইয়ে অপুষ্টি দূরীকরণও এক্ষেত্রে চিকিৎসার অংগ।

দেড় বছর বয়স পর্যন্ত শিশুর আঙ্গুল চোষা এবং নখ কামড়ানোর অভ্যাস অস্বাভাবিক আচরণের পর্যায়ে পড়ে না। তার পরও এই অভ্যাস থেকে গেলে তা দূরীকরণের চেষ্টা করতে হবে। এটা কু-অভ্যাস এবং এতে শিশুর দাঁত বা মাড়ি স্থায়ীভাবে উঁচু হয়ে যেতে পারে। তাছাড়া শিশু এর ফলে নানা রকম পেটের গোলমালে ভুগতে পারে। সাধারণতঃ আঙ্গুলে চোষার সময় শিশুকে অন্যমনস্ক করে দিলে অথবা তাকে ঐ সময়ে অন্য কাজ দিয়ে ব্যস্ত রাখলে এবং একটু বয়স্ক শিশুকে এই অভ্যাসের কুফল সম্পর্কে অবহিত করলেই অধিকাংশ ক্ষেত্রে কাজ হয়। কখনও কখনও শিশুর আঙ্গুলে পরিস্কার ব্যান্ডেজ বেঁধে রেখেও এই অভ্যাসের পরিবর্তন সম্ভব। মোট কথা, এ ব্যাপারে মায়ের দায়িত্বই সবচেয়ে বেশী।

সাধারণতঃ খুব ছোট শিশু রাতে দুই-এক বার বিছানা ভেজায়। এতে অস্বাভাবিকতা কিছু নেই। কিন্তু তিন বছর বয়সের পরও এই অভ্যাস থেকে গেলে তা অস্বাভাবিক আচরণের পর্যায়ে পড়ে। একটু বয়স্ক শিশু নিজেও এই আচরণের জন্য লজ্জিত হয়। কাজেই তাকে তিরস্কার না করে প্রতিবিধানের সাধারণ ব্যবস্থাগুলো বুঝিয়ে বললে ভাল ফললাভের সম্ভাবনা বেশী। রাতে বেশী জল বা জলীয় পদার্থ না খাওয়া, ঘুমোতে যাওয়ার আগে বাথরুমে যাওয়া প্রভৃতি প্রতিকারের প্রধান উপায়। শিশু নিজেও মানসিক দিক থেকে প্রতিরোধের জন্য দৃঢ় প্রতিজ্ঞ হলে কাজ হবেই। অতিরিক্ত ক্লান্তি, ভীতি বা উত্তেজনাও এর কারণ এবং এর প্রতিবিধানের দায় অভিভাবকদের। কয়েকটি অসুখও এর জন্য দায়ী হতে পারে। এর মধ্যে রয়েছে ছোট কৃমির উপদ্রব, বি-কোলাই ইনফেকশন, ডায়াবেটিস প্রভৃতি। যথাযথ চিকিৎসার ব্যবস্থা হলে এই সমস্ত অসুখগুলোর নিরাময় সম্ভব।

দুই থেকে চার বছরের শিশুদের মধ্যে অনেক সময়ই 'টেম্পার ট্যানট্রাম' বা অতিরিক্ত রাগ বা মর্জি দেখা যায়। অনেক সময় আপাতদৃষ্টিতে এর কোন কারণ খুঁজে পাওয়া যায় না। এতে হঠাৎই শিশু উত্তেজিত হয়ে হাত-পা ছুঁড়তে থাকে, জিনিসপত্র ছুঁড়ে ফেলে দেয়। অনেক সময় চিৎকার করতে করতে তার দম বন্ধ হওয়ার উপক্রম হয়। সাধারণতঃ নিদ্রাহীনতা, ক্লান্তি, খেলাধুলা বা আনন্দ উপকরণের অপ্রতুলতা প্রভৃতি শিশুর অবচেতন মনে একটা অভাববোধ জাগায় এবং তারই বহিঃপ্রকাশ ঘটে যখন তখন। অনেক সময় অতি যত্ন বা অতিরিক্ত আদরও এর কারণ হতে পারে। অধিকাংশ ক্ষেত্রে পরিবারের একমাত্র শিশুর টেম্পার ট্যানট্রামের এটাই প্রধান কারণ। মানসিক দিকে থেকে পেছিয়ে পড়া শিশুর মধ্যেও অনেক সময় এটা দেখা যায়। পারিপার্শ্বিক এবং গৃহের পরিবেশের উন্নতি, খেলাধুলার ব্যবস্থা প্রভৃতি এর প্রতিকারের প্রধান উপায়। এ ব্যবস্থায় কাজ না হলে এদের জন্য নির্দিষ্ট বিশেষ বিদ্যালয়ে পাঠাবার কথাও ভাবতে হবে। বিশেষ করে, মানসিক দিক থেকে পেছিয়ে পড়া শিশুদের প্রথম অবস্থায় এই ধরনের বিদ্যালয়ে পাঠানো খুবই কার্যকরী ব্যবস্থা।

খুব ছোট্ট শিশু এবং অপেক্ষাকৃত বড় ছেলেমেয়েদের ক্ষেত্রেও নিদ্রাহীনতার সমস্যা খুবই দেখা যায়। ছোট শিশুদের ক্ষেত্রে—নাক বন্ধ থাকা, অতিরিক্ত খাওয়ানো এবং হাওয়া না ভাঙ্গানো অর্থাৎ খাওয়ার পরে ঢেঁকুর না তোলানো এর প্রধান কারণ। পরিমিত খাদ্য এবং নাক পরিস্কার রাখা এর প্রতিকারের অন্যতম উপায়। প্রয়োজনে চিকিৎসকের পরামর্শ নিয়ে ½% এফিড্রিন সলিউশন নাকে দিলে খুব ভাল ফল পাওয়া যায়। কম খাওয়া এবং তার জন্য খিদেয় পেট ব্যথাও এর কারণ হয়ে থাকে। অপেক্ষাকৃত বড় ছেলেমেয়েদের ক্ষেত্রে কিন্তু কারণটা সম্পূর্ণ অন্য রকম। ব্যায়াম বা খেলাধুলার ব্যবস্থা না থাকা এবং মুক্ত হাওয়ার অভাব এদের নিদ্রাহীনতার কারণ হতে পারে। এ ব্যাপারে অভিভাবক এবং সমাজ কেউই দায়িত্ব এড়াতে পারে না। অনেক সময় পরিবারে নতুন শিশুর জন্ম হলে বড় শিশুর ঘুম কমে যায় এবং বাবা বা মা বেশী সময় বড় শিশুর কাছে না থাকলে তার ঘুমই হয় না। এক্ষেত্রে নবজাত শিশু এবং বড় শিশুকে এক বিছানায় শোয়ালে খুব ভাল ফল পাওয়া যায়, উভয়ের সম্পর্কও ক্রমশঃ মধুর হয়ে ওঠে এবং বড় শিশুর মনে একটা দায়িত্ব বোধ আসে। এর সুফল সুদূরপ্রসারী। একটা কথা সব সময় মনে রাখতে হবে, শিশুদের নিদ্রাহীনতার জন্য ঘুমের ওষুধের ব্যবহার খুবই সীমিত হওয়া উচিত। উপরোক্ত সাধারণ ব্যবস্থাগুলো সম্পূর্ণ বিফল হলে চিকিৎসকের পরামর্শ নিয়ে খুব অল্পদিনের জন্য ওষুধ ব্যবহার করা যেতে পারে।

রাতে ভয় পাওয়া বা চিৎকার করে উঠাও এক ধরনের আচরণ সমস্যা। অপেক্ষাকৃত বড় শিশুদের ক্ষেত্রেই এটা সচরাচর দেখা যায়। চিকিৎসক এবং অভিভাবকদের প্রথমেই নিশ্চিত হতে হবে এটা "এপিলেপ্সি" বা মৃগীরোগ নায়। "এপিলেপ্সি"র ক্ষেত্রে যথা সত্বর চিকিৎসকের নির্দেশ অনুযায়ী ওষুধের ব্যবস্থা করতে হবে। সাধারণ ভয়ের ব্যাপার থাকলে ভয়ের কারণগুলো অনুসন্ধান করে দূর করার ব্যবস্থা নিতে হবে। অনেক সময় দিনের বেলা শিশুকে ভয় দেখানো রাতের আতঙ্কের কারণ হতে পারে। অতিশাসনও এর জন্য দায়ী। অন্যায়ের শাস্তি হিসাবে শিশুকে একলা রাখা এবং অন্ধকারে আটকে রাখাও এর কারণ। শিশুর কোমল মন বড়দের কাছ থেকে স্নেহের শাসনই আশা করে। অতিশাসন বা অযথা-শাসন সব সময়ই ক্ষতিকর।

মানসিক এবং শারীরিক দিক থেকে পেছিয়ে পড়া শিশু অভিভাবক এবং সমাজের বড় সমস্যা। এই সমস্যার সমাধানের জন্য সকলকে এক সংগে এগিয়ে আসতে হবে। গর্ভাবস্থায় মায়ের যত্ন নেওয়া এ অবস্থা প্রতিরোধের অন্যতম প্রধান উপায়। গর্ভাবস্থায় মায়ের ইনফ্লুয়েঞ্জা বা অন্য কোন ভাইরাস ঘটিত অসুখ হলে জন্মের পর থেকেই শিশু শরীর এবং মনের দিক থেকে পেছিয়ে পড়তে পারে। গর্ভাবস্থায় প্রসূতিকে ভাইরাস ঘটিত রোগে আক্রান্ত রোগীদের কাছ থেকে যথাসম্ভব দূরে থাকতে হবে। ভাবী মা কোন কোন ওষুধ খেলেও গর্ভস্থ শিশুর শারীরিক এবং মানসিক বিকৃতি দেখা দিতে পারে। এজন্য এ সময় চিকিৎসকের পরামর্শ ছাড়া কোন ওষুধই তাঁর খাওয়া উচিত নয়।

সাধারণতঃ ওষুধপত্র দিয়ে পেছিয়ে পড়া শিশুকে বিশেষ সাহায্য করা যায় না। এই ধরনের শিশুদের জন্য বিশেষ স্কুলের কথা আগেই বলা হয়েছে। এই সব স্কুলে এই শিশুদের বিশেষ পদ্ধতিতে শিক্ষা দেওয়া হয় যাতে শিশু কিছুটা আত্মনির্ভর হতে পারে এবং মা বাবা অথবা সমাজের বোঝা হয়ে না থাকে।

আজকাল অপেক্ষাকৃত কম পেছিয়ে পড়া শিশুদের জন্য "শিশু-নির্দেশনা কেন্দ্র" (চাইল্ড গাইডেন্স ক্লিনিক) রয়েছে। এই কেন্দ্রগুলো প্রকৃত পক্ষে শিশুদের বাবা মায়েরই নির্দেশনা কেন্দ্র। এই কেন্দ্রের সাহায্য নিলেও অনেক সমস্যার সুরাহা হতে পারে।

কেবলমাত্র জন্মগতভাবে পেছিয়ে পড়া শিশু ছাড়া আর সব শিশুর আচরণ সমস্যার মূলে রয়েছে বড়দের অস্বাভাবিক আচরণ অথবা শিশুপালনে অনভিজ্ঞতা। এই কথা মনে রেখে আমাদের শিশুপালনে অনেক সংযত এবং সহৃদয় হতে হবে। ছোটবেলা থেকেই শিশুকে নির্দিষ্ট সময়ে কতগুলো নির্দিষ্ট কাজ করার সু-অভ্যাস শেখাতে হবে। তাহলে অধিকাংশ সচরাচর-দৃষ্ট আচরণ সমস্যা আর থাকবে না। সকলের আন্তরিক প্রচেষ্টায় অনেক অস্বাভাবিক শিশুই আবার স্বাভাবিক জীবন যাপন করতে পারে।

●

বেনারসী ও সিল্ক শাড়ী
ইণ্ডিয়ান সিল্ক হাউস
এ জে লি ডে
১২৯ এ, রাসবিহারী এভিনিউ, কলিকাতা-২৯

ওঃ আবার ম্যালেরিয়া !

সময়ে চিকিৎসা করান। রোগের মূল নাশ করুন।

আশেপাশে বিপদ দেখা দিয়েছে—ম্যালেরিয়ার প্রাদুর্ভাব। এ একটা সাংঘাতিক রোগ, এ রোগ কার্যকর ভাবে প্রতিরোধ করতে হবে। এ রোগের চিকিৎসা আছে কিন্তু এ রোগের নিবারণই হ'ল আসল সমাধান। এ ব্যাপারে কয়েকটি দরকারী কথা মনে রাখুন :

কারণ

- ম্যালেরিয়া হয় এক ধরনের সূক্ষ্ম পরজীবী থেকে।
- রোগীকে কামড়ে মশা ঐ পরজীবী আকর্ষণ করে এবং পরে সুস্থ ব্যক্তিকে কামড়ে সংক্রমণ ছড়ায়।
- জল জমে থাকলে মশা জন্মাতে পারে।
- যথাসময়ে রোগীর চিকিৎসা না করালে রোগ ছড়াবার বিপদ বাড়ে।

লক্ষণ

১। সহসা কাঁপুনী দিয়ে প্রবল জ্বর আসে।
২। গা পুড়ে যাচ্ছে ব'লে বোধ হয়, সঙ্গে প্রবল মাথার যন্ত্রণা হ'তে থাকে।
৩। পরে প্রচুর ঘাম দিয়ে জ্বর নামে আর অবসন্নতা আসে।

সাবধান

সেরিব্রাল বা ম্যালেরিয়ার তীব্র আক্রমণে মানসিক উপসর্গ দেখা দেয় যার ফলে রোগী চেতনা হারায় বা ভুল বকতে পারে। এ অবস্থায় অবিলম্বে চিকিৎসা না করালে প্রাণও যেতে পারে।

চিকিৎসা

- জ্বর হ'লেই রোগীর রক্ত পরীক্ষা করান।
- ম্যালেরিয়া সন্দেহে গোড়াতেই ক্লোরোকুইন খাওয়ান, নির্ধারিত ডোজে।
- রক্ত পরীক্ষায় ম্যালেরিয়া সম্বন্ধে নিঃসন্দেহ হ'লে ৫ দিনের সম্পূর্ণ চিকিৎসা করান।

ম্যালেরিয়া কর্মীদের সঙ্গে অথবা নিকটতম প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র, ডিসপেনসারী অথবা হাসপাতালের সঙ্গে যোগাযোগ করুন। সেখানে ডাক্তারের পরামর্শ ও চিকিৎসা বিনা দক্ষিণায় দেওয়া হয়।



রোগ নিবারণ

- বাড়ীতে বা বাড়ীর আশেপাশে বৃষ্টির জল বা নোংরা জল নালী, গর্ত, ফুলের গামলা আদি বা ফেলে দেওয়া টিন বোতলে জমতে দেবেন না।
- কুঁজো, বালতি, ট্যাঙ্ক প্রভৃতি জলাধারের সব জল সপ্তাহে অন্ততঃ একবার বদলান।
- আপনার গ্রাম বা এলাকায় কীটনাশক ছড়াবার কাজে নিযুক্ত কর্মীদের এলে তাঁদের সাহায্য করুন।
- ওষুধ ছড়াবার সময়ে বাড়ীর প্রত্যেক কোণে ও আড়াল আবডালে যাতে ওষুধ পৌঁছয় তার ব্যবস্থা করুন। রান্নাঘর, ভাঁড়ারঘর, পূজোর ঘর ও গোয়ালঘর যেন বাদ না পড়ে। সব খাবার দাবার এবং গৃহপালিত পশু পাখীর খাদ্য ঢেকে রাখুন।
- ওষুধ ছড়াবার পরই ঘরের দেওয়ালে মাটী লেপা বা চূণকাম করাবেন না।

কারও জ্বর হ'লেই স্বাস্থ্য কর্মীদের খবর দিন

রাষ্ট্রীয় ম্যালেরিয়া বিনাশ কর্মসূচী
(স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক)
২২ শাম নাথ মার্গ, দিল্লী-১১০০৫৪

davp 81/155

কলকাতা

ক

গৌরী মুখোপাধ্যায় : আজ শোনাবেন শ্যামাসংগীত

•

প্রথম অধিবেশন

৫-৫৫ বন্দে মাতরম্
৬-০০ মৎস্যজীবীদের জন্য আবহবার্তা; সুভাষিত
৬-০৫ সংগীতাঞ্জলি
৬-১৫ চাকুরীবার্তা
৬-৩০ চাষীভাইদের বলছি কথিকা
৬-৪০ লাবণ্যলেখা পাসকেল লোকগীতি
৭-০০ নির্মলা মিশ্র : ভজন
৭-১৫ সিদ্ধেশ্বর মুখোপাধ্যায় শ্যামাসংগীত
৭-৪০ কবি মজুমদার রবীন্দ্রসংগীত
৭-৫৫ বলাই মুখোপাধ্যায় গীটার
৮-০০ বাংলা কথিকা
৮-১৫ নির্মলা মিশ্র : রাগপ্রধান
৮-৩০ মণিলাল নাগ : সেতার
৯-১৫ কেয়া চৌধুরী রবীন্দ্রসংগীত
৯-২০ সিদ্ধেশ্বর মুখোপাধ্যায় নজরুলগীতি

দ্বিতীয় অধিবেশন

১২-০০ বিদ্যার্থীদের জন্য (ষষ্ঠ শ্রেণী) ব্যাকরণ : পদ পরিচয় ও পদ বিভাগ
১২-২০ রাণী গৈরোলা : ভজন
১২-৩০ উনো জমির দুনো ফসল আজকের অতিথির মুখে : তাঁতের কাজ : সাক্ষাৎকার
১-০০ কেয়া চৌধুরী : ধ্রুপদ
১-৪০ সুগম সংগীত
১-৫০ মহিলামহল
২-৩৫ বিদ্যার্থীদের জন্য (সপ্তম শ্রেণী) জীবন বিজ্ঞান
২-৫৫ বলাই মুখোপাধ্যায় গীটার
৩-০০ অনুরোধের আসর +

তৃতীয় অধিবেশন

৫-৩০ মজদুরমণ্ডলী
৫-৫০ চন্দ্রা চট্টোপাধ্যায় নজরুলগীতি
৬-৪০ রামায়ণ গান
৭-০০ কৃষিকথার আসর গ্রামাঞ্চলের কথা; স্পট রেকর্ডিং; বাজার দরের সাপ্তাহিক পর্যালোচনা; এ সপ্তাহের অনুষ্ঠান; কৃষি নির্দেশনা; চিঠির উত্তর; দৈনিক বাজার দর; আবহাওয়ার খবর
৭-০০ কবি মজুমদার রবীন্দ্রসংগীত
৮-০০ হাসি ভট্টাচার্য ও সহশিল্পিবৃন্দ লোকগীতি
৮-১৫ অমরনাথ গঙ্গোপাধ্যায় নজরুলগীতি
৯-০০ মালা সরকার : ভক্তিগীতি
৯-১০ বলাই চক্রবর্তী লোকগীতি
৯-২০ নির্মলা মিশ্র : আধুনিক
৯-৩০ অনুরোধের আসর + (রবীন্দ্রসংগীত)
১০-০০ রেডিও সংগীত সম্মেলন পালঘাট কে. ভি. নারায়ণস্বামী : কন্ঠসংগীত; সহযোগিতায়: কে. বালসুব্রহ্মণ্যম : বেহালা ও কড়াইকুড়ি মণি : মৃদঙ্গম্

কলকাতা খ

প্রথম অধিবেশন

৬-০৫ লীলা ঘোষ : শ্যামাসংগীত
৬-২০ কবি মজুমদার রবীন্দ্রসংগীত
৬-৩০ সুবন্ধ সংগীত
৭-০৫ বলাই মুখোপাধ্যায় গীটার
৮-২০ মালা সরকার : ভক্তিগীতি
৮-৩০ অমরনাথ গঙ্গোপাধ্যায় আধুনিক
৮-৪৫ লাবণ্যলেখা পাসকেল লোকগীতি
৯-০৫ গৌরী মুখোপাধ্যায় শ্যামাসংগীত
৯-৩০ রাণী গৈরোলা : গজল
৯-৪৫ হাসি ভট্টাচার্য ও সহশিল্পিবৃন্দ লোকগীতি

দ্বিতীয় অধিবেশন

১-০৫ পাশ্চাত্ত্য সংগীত +
৩-০০ অনুরোধের আসর +

তৃতীয় অধিবেশন

